**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 20-02-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্ট আজ এক নজিরবিহীন সিদ্ধান্তে জানিয়েছে, এসআইআর-এর কাজে তথ্যগত অসঙ্গতি বা লজিকাল ডিসক্রিপেন্সির ঘটনায় নিষ্পত্তি করবে কলকাতা হাইকোর্ট নিযুক্ত আধিকারিকরা।

২) এসআইআর-এর অধীনে এ যাবৎ যতটুকু কাজ হয়েছে, তার ওপর ভিত্তি করে ২৮শে ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৩) সর্বোচ্চ আদালতের নির্দেশ মেনে রাজ্য সরকার এখনো বকেয়া মহার্ঘভাতা না দেওয়ায় রাজ্য সরকারি কর্মচারীদের যৌথ সংগ্রামী মঞ্চ ফের সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে।

৪) প্রয়াত প্রখ্যাত সাহিত্যিক মণিশঙ্কর মুখোপাধ্যায়, যিনি শংকর নামে অধিক পরিচিত। বয়স হয়েছিল ৯৩ বছর। প্রধানমন্ত্রী, রাজ্যের মুখ্যমন্ত্রী তাঁর প্রয়াণে শোকজ্ঞাপন করেছেন। শোকস্তব্ধ সাহিত্য মহল।

৫) উত্তুরে বাতাসের প্রভাব কমতে থাকায় মহানগরের সর্বোচ্চ তাপমাত্রা আজ ৩১ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়েছে।

-----------------------------------------------------------------------------------

সুপ্রিম কোর্টে আজ এক নজিরবিহীন রায়ে জানিয়েছে, এসআইআর-এর কাজে তথ্যগত অসঙ্গতি বা লজিকাল ডিসক্রিপেন্সির ঘটনায় নিষ্পত্তি করবে কলকাতা হাইকোর্ট নিযুক্ত আধিকারিকরা। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ পশ্চিমবঙ্গে SIR-এর বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে দায়ের করা মামলায় এই নজিরবিহীন রায় দিয়েছেন। প্রাক্তন এবং কর্মরত জেলা বিচারক বা অতিরিক্ত জেলা বিচারক স্তরের আধিকারিকদের এজন্য নিয়োগ করা যেতে পারে। বিচারবিভাগীয় ওই আধিকারিকদের সহায়তা করবেন নির্বাচন কমিশন এবং রাজ্য সরকারের আধিকারিকেরা। তাঁদের নির্দেশই সুপ্রিম কোর্টের নির্দেশ বলে গণ্য করা হবে।

এ জন্য হাইকোর্টের প্রধান বিচারপতির সঙ্গে আগামীকালের মধ্যে বৈঠকে বসতে রাজ্যের মুখ্য সচিব, পুলিশের মহানির্দেশক, নির্বাচন কমিশনের একজন আধিকারিক, রাজ্যের এডভোকেট জেনারেল ও এডিশনাল সলিসিটর জেনারেলকে নির্দেশ দেওয়া হয়েছে। কোনো সমস্যার সৃষ্টি হলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকেও তা জানানোর নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত।

আজকের শুনানিতে রাজ্য এবং নির্বাচন কমিশন দু'পক্ষই পারস্পরিক দোষারোপ ও অসহযোগিতার অভিযোগ তোলে।

সুপ্রিম কোর্ট আরও বলেছে, এস আই আরের অধীনে এ যাবত যতটুকু কাজ হয়েছে তার ওপর ভিত্তি করে আগামী ২৮ শে ফেব্রুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে। বাকী থাকা কাজের নিরিখে পরবর্তী সময়ে অতিরিক্ত তালিকা প্রকাশ করবে কমিশন।

এসআইআর প্রক্রিয়া চলাকালীন হিংসা এবং রাজনৈতিক হস্তক্ষেপ নিয়েও রাজ্য পুলিশের মহানির্দেশককে সতর্ক করেছে শীর্ষ আদালত। রাজনৈতিক নেতাদের আপত্তিকর মন্তব্য নিয়ে রাজ্য পুলিশের ডিজি যদি উদ্যোগী না হন তাহলে আদালত পরবর্তীতে কঠোর পদক্ষেপ করবে বলে স্পষ্ট জানিয়েছে শীর্ষ আদালত। পরবর্তী শুনানিতে ডিজিকে জানাতে হবে তাঁর কাছে জমা পড়া অভিযোগের প্রেক্ষিতে কি ব্যবস্থা নেওয়া হয়েছে। মার্চ মাসে ফের শুনানি হবে এই মামলার।

এদিকে সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল জানিয়েছেন, তারা চান যত দ্রুত সম্ভব যাচাই প্রক্রিয়া শেষ হোক। এজন্য যদি প্রতি ভুলেও একজন করে বিচার বিভাগীয় আধিকারিককে যাচাইয়ের কাজে নিযুক্ত করা হয়, তাতেও তাদের কোনো আপত্তি নেই। আগামীকালের বৈঠকে এই দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরা হবে।

-----------------

বিজেপি আবারো রাজ্যে ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশের দাবি জানিয়েছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন পিছিয়ে যাবে কিনা তা নির্বাচন কমিশন সিদ্ধান্ত নেবে। তবে ভোটার তালিকায় যাতে কোন বাংলাদেশী ও অনুপ্রবেশকারীর নাম না থাকে এবং জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সব ভারতীয়র নাম যাতে অন্তর্ভুক্ত হয় তা বিজেপির দাবি।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, মৃত, ভুয়ো, একই ব্যক্তির অধিক জায়গায় নাম এবং বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নাম ভোটার তালিকায় রাখা যাবে না। এটা রাজ্য তথা দেশের প্রত্যেক মানুষের দাবি।

(বাইট- শুভেন্দু)

-----------------

SIR নিয়ে সুপ্রিম কোর্টের রায় প্রসঙ্গে সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, বিচার বিভাগের এই হস্তক্ষেপ কমিশন ও রাজ্য সরকারের ব্যর্থতাকে স্পষ্ট করেছে। তিনি বলেন, প্রথম থেকেই দল SIR এর বিরুদ্ধে লড়াই করছে। ২৮ ফেব্রুয়ারি চূড়ান্ত তালিকা প্রকাশের আগে আগামী ২৭ ফেব্রুয়ারি সিপিআইএম এর প্রতিনিধি নির্বাচন কমিশনে যাবে বলেও তিনি জানান।

-----------------

কোচবিহার জেলার চারটি থানার ওসি বদল করা হয়েছে। ঘোকশাডাঙ্গা থানার নতুন ওসি হলেন আসরাফ আলম, তিনি কুচলিবাড়ি থানার ওসি ছিলেন।

অন্যদিকে, ঘোকশাডাঙ্গা থানার ওসি বিশ্বজিত্ মল্লিককে কুচলিবাড়ি থানার দায়িত্ব দেওয়া হয়েছে।

একইভাবে সাহেবগঞ্জ থানার নতুন ওসি হয়েছেন নকুল রায়। তিনি বক্সিরহাট থানার ওসি ছিলেন। সেই জায়গায় স্থলাভিষিক্ত হয়েছেন সাহেবগঞ্জ থানার আগের ওসি অজিত কুমার শা।

-----------------

রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতার ২৫ শতাংশ অবিলম্বে মিটিয়ে দিতে বলেছিল সুপ্রিম কোর্ট। কিক আদালতের নির্দেশ সত্ত্বেও এখনও সেই টাকা হাতে পাননি কোনও সরকারি কর্মচারী। এ নিয়ে রাজ্যের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা করতে চেয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হল সরকারি কর্মীদের সংগঠন সংগ্রামী যৌথ মঞ্চ।

এর আগে গত ৫ ফেব্রুয়ারি বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মেটানোর নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। অবিলম্বে নির্দেশ কার্যকর করতে বলা হয়েছিল। আদালত জানিয়েছিল, মহার্ঘভাতা সরকারি কর্মচারীদের আইনি অধিকার। বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মেটানোর পর বাকি ৭৫ শতাংশ কী ভাবে মেটানো হবে, তা স্কির করতে একটি কমিটি গঠনের কথা বলেছিল আদালত। সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতির নেতৃত্বে ওই কমিটি তৈরি হওয়ার কথা। আদালত জানায়, কমিটি নির্ধারিত বকেয়ার প্রথম কিস্তি রাজ্য সরকারকে মেটাতে হবে আগামী ৩১ মার্চের মধ্যে। কিন্তু সরকারি কর্মচারীদের বক্তব্য, বকেয়া মেটানোর কোনও উদ্যোগই দেখা যাচ্ছে না রাজ্য সরকারের মধ্যে। এ ব্যাপারে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, রাজ্যে বিজেপি সরকার গঠিত হলে রাজ্য সরকারি কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দেওয়া হবে।

(বাইট- সুকান্ত)

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

-----------------

সাহিত্যিক মণিশংকর মুখোপাধ্যায় প্রয়াত। পাঠক মহলে যাঁর খ্যাতি শংকর নামে। আজ দুপুর ১ টা নাগাদ একটি বেসরকারি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৯৩ বছর। ১৯৩৩ সালের ৭ ই ডিসেম্বর অবিভক্ত ২৪ পরগণার বনগাঁয় তাঁর জন্ম। স্বাধীনতার আগে এদেশে আসার পর থেকে আজীবন ছিলেন হাওড়ার বাসিন্দা। ১৯৫৫ –এ তাঁর প্রথম উপন্যাস কত অজানারে, প্রকাশের পরেই পাঠক মহলে তাঁর খ্যাতি ছড়িয়ে পড়ে। ইংরেজ ব্যারিস্টার বারওয়েলের ল ক্লার্ক থেকে এরপর শুরু সাহিত্য জগতে তাঁর অবাধ বিচরণ। ১৯৬৮-তে তাঁর চৌরঙ্গী উপন্যাসের চিত্রায়ণ সিনেমাপ্রেমী মানুষের মনে চিরদিন থেকে যাবে। সীমাবদ্ধ ও জন অরণ্যে কলকাতার অসামান্য ছবি তুলে ধরেছিলেন সত্যজিত রায়। পরবর্তীতে শ্রী শ্রী রামকৃষ্ণ এবং স্বামী বিবেকানন্দের জীবন ও আদর্শ তাঁর লেখনীর মধ্য দিয়ে পৌঁছেছিল সাধারণ মানুষের মধ্যে। আকাশবাণীর একটি শ্রদ্ধার্ঘ্য।

ভয়েসকাস্ট অভিজিত্‍

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য্য, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার শংকরের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন।

-----------------

মুর্শিদাবাদের বেলডাঙায় অশান্তির ঘটনায় এন আই এ-কে পুলিশ কেস ডায়রি হস্তান্তর করছে না বলে কলকাতা হাইকোর্টে অভিযোগ দায়ের হয়েছে। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি চৈতালি চ্যাটার্জী দাসের ডিভিশন বেঞ্চে এন আই এ-র আইনজীবী এই অভিযোগ জানালে বেঞ্চ বলেছে, আগামী মঙ্গলবার পরবর্তী শুনানি

হবে। তবে, যেহেতু এর আগে প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চে বেলডাঙা মামলার শুনানি হয়েছিল। তাই, ওই বেঞ্চেই মামলা পাঠানো হলো। এর আগে হাইকোর্ট জানিয়েছিল, কেন্দ্রীয় সরকার যদি চায়, তবে এন আই এ-কে দিয়ে তদন্ত করাতে পারে। তার প্রেক্ষিতেই বেলডাঙা ঘটনায় তদন্ত করছে এন আই এ।

কিন্তু সুপ্রিম কোর্টের নির্দেশের পরও রাজ্য পুলিশ ঘটনার কেস ডায়রি এন আই এ-কে হস্তান্তর করেনি। গতকালই কলকাতার বিশেষ এন আই এ আদালত বেলডাঙার ঘটনায় গ্রফতার হওয়া ৩১ জনকে আগামী ২৬ তারিখ স্বশরীরে হাজিরার নির্দেশ দিয়েছে। পাশাপাশি পুলিশকে কেস ডায়রি হস্তান্তরেরও নির্দেশ দেওয়া হয়েছে।

----------------

রাজ্যে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকলেও আগামী সপ্তাহে মাঝামাঝি উত্তরবঙ্গের কয়েকটি জেলায় এবং দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুত্ সহ হাল্কা বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। এতে আলু চাষের ক্ষতির সম্ভাবনা থাকায়, আগেই চাষীদের ক্ষেত থেকে আলু তুলে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

উত্তুরে বাতাসের প্রভাব কমতে থাকায় বাড়ছে তাপমাত্রা। আলিপুরের আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক দশমিক এক ডিগ্রি বেশি।

----------------

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং, এফ সি গোয়ার মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, গোয়া ১-০ গোলে এগিয়ে আছে।

আগামীকাল ইস্টবেঙ্গল, স্পোটিং দিল্লির বিরূদ্ধে খেলবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

জামশেদপুরের জেআরডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে অন্য ম্যাচে জামশেদপুর এফসি, পাঞ্জাব এফ সি, র মোকাবিলা করবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

---------------- ----------------